বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
The ICT Industry Association of Bangladesh

তারিখ: ২২ নভেম্বর ২০২৩

# বিশেষ সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা যাচ্ছে যে, বাংলাদেশ কম্পিউটার সমিতির এক বিশেষ সাধারণ সভা নিম্নলিখিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে:

| | | |
|---|---|---|
| স্থান | : | বিজিবি ব্যাংকয়েট হল, সীমান্ত সম্ভার<br>রোড-০৩, ধানমন্ডি, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ১৩ ডিসেম্বর ২০২৩, বুধবার, বেলা ৩:৩০ মিনিট। |

উক্ত বিশেষ সাধারণ সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

**"বাংলাদেশ কম্পিউটার সমিতির সংঘবিধি সংশোধন"**

উপরোল্লিখিত বিশেষ সাধারণ সভায় বাংলাদেশ কম্পিউটার সমিতির সম্মানিত সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ইঞ্জি. সুব্রত সরকার
সভাপতি

সংযুক্তি: সংঘবিধি সংশোধনী প্রস্তাব

# সংঘবিধি সংশোধনী প্রস্তাব

<table>
<tr><th>অধ্যায়</th><th>ধারা নং</th><th>ধারার বর্তমান বিবরণ</th><th>ধারার প্রস্তাবিত সংশোধনীর বিবরণ</th><th>ধারার সংশোধন/<br>সংযোজন/<br>বিলুপ্তিকরণ</th></tr>
<tr><td>সংঘবিধি</td><td>১৪</td><td>রেজিস্ট্রেশন ফি এবং বার্ষিক চাঁদার হার<br><table><tr><td>সদস্য শ্রেণী</td><td>রেজিস্ট্রেশন ফি</td><td>বার্ষিক চাঁদা</td></tr><tr><td>সাধারণ সদস্য</td><td>৪,০০০.০০ টাকা</td><td>২,০০০.০০ টাকা</td></tr></table></td><td>রেজিস্ট্রেশন ফি এবং বার্ষিক চাঁদার হার<br><table><tr><td>সদস্য শ্রেণী</td><td>রেজিস্ট্রেশন ফি</td><td>বার্ষিক চাঁদা</td></tr><tr><td>সাধারণ সদস্য</td><td>৮,০০০.০০ টাকা</td><td>৪,০০০.০০ টাকা</td></tr></table></td><td>ধারা নং ১৪<br><br>সংশোধন</td></tr>
</table>

## সংশোধনী প্রয়োজনীয়তার ব্যাখ্যা

৩৭ বছরপূর্বে প্রতিষ্ঠিত বাংলাদেশ কম্পিউটার সমিতি'র কর্মকাণ্ডের পরিধি বর্তমানে অভাবিতভাবে বৃদ্ধি পাইয়াছে। প্রারম্ভিক বছরগুলিতে সমিতি'র সদস্য সংখ্যা ও কার্যক্রম সীমিত ছিল, কিন্তু বর্তমান অবস্থায় এই দুইয়েরই উর্দ্ধমুখীভাবে আমূল পরিবর্তন ঘটিয়াছে। উদাহরণস্বরূপ বর্তমানে ইহার তিন সহস্রাধিক কার্যকর সদস্য রহিয়াছে - যাহাদের সবাইকে যথাযথ সেবা প্রদান করা আবশ্যকীয়। আবার যুগের সাথে তাল মিলাইয়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসার এবং এই খাতের ব্যবসায়ের পথ সুগম করা ও বৃদ্ধিকল্পে দেশীয় ও আন্তর্জাতিকভাবে সমিতিকে নিয়মিতভাবে নানান কর্মসূচি প্রণয়ন ও সেই সব বাস্তবায়ন করিতে হয়। অন্যদিকে, বিগত বছরগুলিতে পর্যায়ক্রমে দ্রব্যমূল্য এবং মুদ্রাস্ফীতি উভয়ই বহুগুণ বৃদ্ধি পাইয়াছে। সঙ্গত কারণে একই অনুপাতে বৃদ্ধি পাইয়াছে জীবনযাত্রার ব্যয়ভার। এই সব বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে সমিতি পরিচালনার ব্যয়ভারও বহুগুণবৃদ্ধি পাইয়াছে। তাই সমিতি'র আয় বৃদ্ধি করা বাঞ্ছনীয় বিধায় সমিতিতে রেজিট্রেশন ফি এবং বার্ষিক চাঁদার হার বৃদ্ধি করিবার জন্য সম্মানিত সদস্যদের সদয় অনুমতির জন্য প্রস্তাব করা হইয়াছে।


Bangladesh Computer Samity (BCS)
House : 33/B, Road-04, Dhanmondi R/A, Dhaka-1205, Bangladesh.
Phone : 88 02 9671342, 9671350, Fax : 88 02 9671342, 9671350, Ext-108
e-mail : samity@bcs.org.bd, Website : www.bcs.org.bd

BCS Branches
Barisal : barisal@bcs.org.bd
Khulna : khulna@bcs.org.bd
Sylhet : sylhet@bcs.org.bd
Comilla : comilla@bcs.org.bd
Mymenshingh : mymenshingh@bcs.org.bd
Chittagong : ctg@bcs.org.bd
Jessore : jessore@bcs.org.bd
Rajshahi : rajshahi@bcs.org.bd